

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
চৌদ্দগ্রাম, কুমিল্লা  
[www.chauddagram.comilla.gazipur.gov.bd](http://www.chauddagram.comilla.gazipur.gov.bd)


স্মারক নম্বর: ৩৩.০২.১৯৩১.৫০১.৪০.০০১.২৪.৭৯

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩১  
০৯ ডিসেম্বর, ২০২৪

অফিস আদেশ

ই-গর্ভান্যাস ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর আওতায় একটি উদ্ভাবনী ধারণী/সেবা সহজীকরণ/ডিজিটাইজেশন বাস্তবায়নের লক্ষ্যশািত্রা রয়েছে। সে মোতাবেক সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, চৌদ্দগ্রাম, কুমিল্লা হতে “আইওটি বেইজড স্মার্ট সোলার এরেরটর” এর ধারণাটি গ্রহণ ও তা বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়নে সেবা গ্রহীতারর সময়, ডিজিট ও খরচ অনেক কম লাগবে।

উদ্যোগের নাম	উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ	প্রসেস ম্যাপ	টিসিভি বিশ্লেষণ
আইওটি বেইজড স্মার্ট সোলার এরেরটর	<p>অধিক পরিমাণ মাছ উৎপাদন করতে হলে মৎস্য খামার যান্ত্রিকীকরণের পাশাপাশি চতুর্থ শিল্প বিপ্লবের অনুষ্জা স্মার্ট স্বয়ংক্রিয় প্রযুক্তি মৎস্যচাষ ও ব্যবস্থাপনার প্রতিটি পর্যায়ে ব্যবহার করতে হবে।</p> <p>উদ্যোগের কারণ: মাছচাষের ক্ষেত্রে অতিরিক্ত তাপমাত্রার কারণে, মেঘলা দিনে, বৃষ্টির কারণে, অতিরিক্ত শীতে পানিতে অক্সিজেন সংকট হয়ে মাছ মারা যায়। কতিপয় পুকুরে অক্সিজেন বাড়ানোর জন্য এরেরটর যন্ত্র থাকলেও লোডশেডিং এর কারণে অক্সিজেন যোগান দিতে না পারায় মাছ মারা যায়। পুকুরের তত্ত্বাবধায়ক বা দেখাশোনা করা লোকজনের অসচেতনতার কারণে মাছ মারা যায়। মাছচাষের বিদ্যুৎ বিল বাণিজ্যিক খাতের অন্তর্ভুক্ত। মাছচাষে মাছের খাবারের দামবৃদ্ধিসহ অতিরিক্ত ব্যয় বৃদ্ধি অন্যতম সমস্যা। এ সকল সমস্যা সমাধানে ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উদ্ভাবন করা হয় “আইওটি বেইজড স্মার্ট সোলার এরেরটর”।</p> <p>এ উদ্যোগের প্রভাব: উদ্ভাবিত স্মার্ট প্রযুক্তিটিতে ব্যবহৃত সৌরশক্তির মাধ্যমে বাণিজ্যিক বিদ্যুৎ খরচের সমস্যা সমাধান করা যাবে; আইওটি প্লাটফর্ম এর মাধ্যমে দ্রবীভূত অক্সিজেনের মাত্রা আদর্শ মানের নিচে নেমে গেলে স্বয়ংক্রিয়ভাবে এরেরটর চালু হয়ে পানিতে অক্সিজেনের যোগান দিবে এবং রিয়েল টাইম মনিটরিং সিস্টেমের মাধ্যমে দূরবর্তী যেকোন স্থান থেকে মোবাইল অ্যাপের মাধ্যমে পানির বিভিন্ন গুণাগুণ পর্যবেক্ষণ করা যাবে, ডিভাইসটি নিয়ন্ত্রণ করা যাবে ও শ্রমিক নির্ভরতা হ্রাস পাবে। স্মার্ট প্রযুক্তিটি ব্যবহারে জলাশয়ের ইকোসিস্টেম সক্রিয় থাকবে, মাছের স্বাস্থ্য সুরক্ষা, খাদ্য গ্রহণ হার ও দৈহিক বৃদ্ধি স্বাভাবিক থাকবে।</p>	<p>শুরু</p> <p>↓</p> <p>আইওটি বেইজড স্মার্ট সোলার এরেরটর স্থাপন ও ব্যবহার</p> <p>↓</p> <p>মোবাইল অ্যাপ ইনস্টল</p> <p>↓</p> <p>শেষ</p>	<p>আইওটি বেইজড স্মার্ট সোলার এরেরটর ব্যবহারের ফলে মৎস্যচাষির সময় সাশ্রয় হবে ৭০%; বিদ্যুৎ খরচ হ্রাস পাবে ১০০%, খাদ্য খরচ হ্রাস পাবে ৩০%, মেডিসিন বা পরিচর্যা খরচ হ্রাস পাবে ৫০%, উৎপাদন খরচ ৪০% হ্রাস পাবে; মৎস্যচাষির অফিসে যাতায়াত হ্রাস পাবে ১০০%; জনবল হ্রাস বা জনবল নির্ভরতা হ্রাস পাবে ৫০% এবং মাছের উৎপাদন বৃদ্ধি পাবে ২৫%।</p>

  
মোঃ লতিফুর রহমান  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

সদয় জ্ঞাতার্থে-

১। জেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর।